



সর্বোচ্চ শক্তি দিয়ে ইরানে হামলার হুঁশিয়ারি ট্রাম্পের



প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ছবি : রয়টার্স

যুক্তরাষ্ট্র ইরানের বিরুদ্ধে যুদ্ধে আরও জোরদার হতে চলেছে। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, আগামী সপ্তাহের মধ্যে ইরানে কঠোর আঘাত হানবে। একই সঙ্গে প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ জানিয়েছেন, আজই ইরানের আকাশে যুক্তরাষ্ট্রের হামলার মাত্রা সর্বোচ্চ হবে।

ফস্স নিউজকে দেওয়া সাক্ষাৎকারে ট্রাম্প আশা প্রকাশ করেন, যুক্তরাষ্ট্র নেতৃত্বাধীন এই যুদ্ধ শেষ পর্যন্ত সফল হবে। হরমুজ প্রণালিতে ইরানের সম্ভাব্য আক্রমণের বিষয়ে তিনি জানান, প্রয়োজনে যুক্তরাষ্ট্র অন্যান্য দেশের জাহাজকে সুরক্ষা দেবে।

এর আগে কেন্টাকির হেবরনে এক ভাষণে ট্রাম্প বলেছেন, “আমরা জিতেছি, তবে কাজ শেষ করতে হলে যুদ্ধ চালিয়ে যেতে হবে।” ভার্জিনিয়ার আরলিংটনে সংবাদ সম্মেলনে হেগসেথ বলেন, যুক্তরাষ্ট্র এই যুদ্ধে এগিয়ে থাকবে এবং আজ ইরানে সর্বোচ্চ বিমান হামলা চালানো হবে।

হেগসেথের দাবি, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলায় ইতিমধ্যে ইরানের ১৫ হাজারের বেশি লক্ষ্যবস্তুতে আঘাত হয়েছে। এ অভিযান ইরানের গুরুত্বপূর্ণ সামরিক সক্ষমতাকে পরাজিত, ধ্বংস ও অকার্যকর করার পরিকল্পনার অংশ।

২৮ ফেব্রুয়ারি থেকে শুরু হওয়া এই সংঘর্ষে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল হামলা চালাচ্ছে, জবাবে ইরানও ইসরায়েল এবং মধ্যপ্রাচ্যের বিভিন্ন মার্কিন ঘাঁটিতে পাল্টা হামলা চালিয়ে যাচ্ছে।